

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ : ১৭/ ২০২১ খ্রিঃ মাসের নাম : জুলাই ২২। সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্র: নং	সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
০১	নিতাই গাইন	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ও সভাপতি।	স্বাক্ষরিত
০২	চঞ্চলা মন্ডল	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।	স্বাক্ষরিত
০৩	অমিতেশ দাশ	অধ্যক্ষ, সরকারি বটিয়াঘাটা মহাবিদ্যালয়।	স্বাক্ষরিত
০৪	পল্লব কুমার বিশ্বাস	চেয়ারম্যান, বটিয়াঘাটা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৫	ওবায়দুল্লাহ শেখ	চেয়ারম্যান, ভান্ডারকোট ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৬	সন্তোষ কুমার মন্ডল	প্রধান শিক্ষক, বটিয়াঘাটা থানা হে: কো: মডেল মাধ্যমিক বিদ্যালয়	স্বাক্ষরিত
০৭	নারায়ন চন্দ্র মন্ডল	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব।	স্বাক্ষরিত

আলোচ্য সূচী :


- ০১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। কোভিড-১৯ টিকা গ্রহন সংক্রান্ত।
- ০৩। শিক্ষা প্রতিষ্ঠানে বৈদ্যুতিক ফ্যানেস চাহিদা সংক্রান্ত।
- ০৪। বিবিধ।

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন রকম সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

উপর্যুক্ত আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।


আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
কোভিড-১৯ টিকা গ্রহণ সংক্রান্ত।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, সরকার ১২ থেকে ১৮ (১৭ বছর ৩৬৪ দিন পর্যন্ত) বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড টিকা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করায় এ উপজেলায় উল্লিখিত বয়সের স্কুল, কলেজ ও মাদ্রাসার ১১২৫০ জন শিক্ষার্থীকে ১ম ডোজ এবং এ পর্যন্ত ১১,০২৫ জনকে ২য় ডোজ ফাইজারের টিকা প্রদান করা হয়েছে, যা এখনও চলমান। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান অবগত আছে। এছাড়া এ উপজেলার ৩৯ টি কওমী মাদ্রাসার ১৭৩৮ জনকে ১ম ও ২য় ডোজ টিকা প্রদান করা হয়েছে, যা এখনও চলমান।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সরকারের যুগান্তকারী এ সিদ্ধান্তের জন্য ভূয়সী প্রশংসা ও অভিনন্দন জানানো হয় এবং শতভাগ শিক্ষার্থীরা যাতে কোভিড ভ্যাকসিনের আওতায় আসে তার জোর প্রচারণা ও পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধানগণ, স্বাস্থ্য বিভাগ ও সংশ্লিষ্ট কমিটি।

চলমান পাতা-২



আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
শিক্ষা প্রতিষ্ঠানে বৈদ্যুতিক ফ্যানের চাহিদা সংক্রান্ত	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৈদ্যুতিক ফ্যানের স্বল্পতা রয়েছে। বেশ কিছু প্রতিষ্ঠান উপজেলা পরিষদ থেকে কিছু ফ্যান পেলে উপকৃত হবে মর্মে জানিয়েছেন। তারা ফ্যানের স্বল্পতার কারণে অত্যন্ত গরমে পাঠদানে অসুবিধা হচ্ছে মর্মে জানিয়েছে।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আপাতত প্রতিষ্ঠান থেকে চাহিদা নিয়ে রাখার সিদ্ধান্ত হয়। বিষয়টি উপজেলা পরিষদের সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বরাদ্দ পাওয়া গেলে আবেদনকারী প্রতিষ্ঠানকে ফ্যান সরবরাহ করা হবে মর্মে সভায় একমত পোষণ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট কমিটি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নিতাই গাইন)


ভাইস চেয়ারম্যান ও সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা
সংক্রান্ত কমিটি
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা,
খুলনা।

স্মারক নং-উমাশিঅ/বটিয়া-খুলনা/শিক্ষা কমিটি/২০২২/১৯০/১(৪৫)

তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ০৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ০৫। চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউ পি ও ৫নং ভান্ডারকোট ইউ পি, বটিয়াঘাটা, খুলনা।
- ০৬। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/সুপার বিদ্যালয়/মাদ্রাসা।


উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও

সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা
সংক্রান্ত কমিটি
বটিয়াঘাটা, খুলনা।